



মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি  
মেহেরপুর-৭১০০।

স্মারক নং-২৭.১২.৫৭৮৭.৫৩০.০১.০৩৮.২৫. ৪২৭১

তারিখ: ১৫ জুন ২০২৫ খ্রি:  
০১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ

বিষয়ঃ **লাইনম্যান টুলস ক্রয়ের পুনঃ দরপত্র (RFQ) আহ্বান প্রসঙ্গে।**

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক “লাইনম্যান টুলস” ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত মালামাল প্রস্তুতকারী/সরবরাহকারী/ঠিকাদারী/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পুনঃ দরপত্র (RFQ) পদ্ধতিতে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	আইটেম নং	একক	পরিমাণ	উদ্ধৃত মূল্য (সরবরাহকারী কর্তৃক পূরণকৃত)	
					একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
১	২	৩	৪	৫	৬	৭
০১	লাইনম্যান বডি বেল্ট (তিতাস কোঃ)	টিএল-১০১	পিচ	২৫		
০২	লাইনম্যান সেফটি বেল্ট (তিতাস কোঃ)	টিএল-১০২	পিচ	১০		
০৩	ক্লাইমবার সেট (তিতাস কোঃ)	টিএল-১০৫	জোড়া	০৯		
০৪	টুলস ক্যারিং ব্যাগ (তিতাস কোঃ)	টিএল-১০৬	পিচ	২০		
০৫	ফোর হইল র্লগ (উন্নত মানের) ক্যাপাসিটি-১০০০ কেজি (এমএস স্টীল)	টিএল-৬০২	পিচ	১০		
০৬	প্লাইয়ার্স- (রংবিকন)	টিএল-২০১	পিচ	৩০		
০৭	এডজাস্টেবল রেঞ্জ-১০” (তাই-ওয়ান)	টিএল-২০৫	পিচ	৩০		
দরপত্র নং- ৪৬/২০২৪-২০২৫				সর্বমোট=		

কথায়ঃ-

শর্তাবলীঃ


- ০১ আগ্রহী দরদাতাগন আগামী ২৩/০৬/২০২৫ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে উল্লিখিত “ছক” মোতাবেক সীল মোহরকৃত দরপত্র মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর এর সদর দপ্তর এ রক্ষিত টেন্ডার বাঞ্চে দাখিল করতে হবে। দরপত্রসমূহ ঐ দিনই সকাল ১১:০৫ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২ দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে “লাইনম্যান টুলস সরবরাহের পুনঃ দরপত্র” কথাটি লিখতে হবে।
- ০৩ দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে উহা নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সমিতির প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।
- ০৪ দরপত্র দাখিলের সময় দরপত্রের সঙ্গে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর ক্লিয়ারেন্স সনদ, মূল্য সংযোজন কর নিবন্ধন সংক্রান্ত দলিলাদি ও ব্যাংক সলভেন্সী সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৫ কার্যাদেশ প্রদানের নির্দিষ্ট সময়ের মধ্যে সমস্ত মালামাল নিজ খরচে নিজস্ব পরিবহনের মাধ্যমে সমিতির সদর দপ্তরে পৌঁছাতে হবে।
- ০৬ সরবরাহকৃত মালামাল সমিতিতে রক্ষিত নমুনা মোতাবেক হতে হবে।
- ০৭ পবিস নির্দেশিকা মোতাবেক পরিদর্শন কমিটির সন্তোষজনক প্রত্যয়ন সাপেক্ষে মালামাল গ্রহণ ও মূল্য পরিশোধ করা হবে।
- ০৮ সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ০৯ অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১০ দরপত্র সঠিকভাবে পূরণ করে প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।

- ১১ নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে সরবরাহকৃত মালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।
- ১২ শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৩ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

  
 (স্বদেশ কুমার ঘোষ)  
 জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ০৩। জেলা প্রশাসক, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
- ০৪। পুলিশ সুপার, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
- ০৭। ডিজিএম (কারিগরী-সদর/আলমডাঙ্গা/চুয়াডাঙ্গা/গাংনী/জীবননগর) জোনাল অফিস, মেপবিস।
- ০৮। এজিএম (অর্থ-হিসাব/রাজস্ব/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), মেপবিস।
- ০৯। নোটিশ বোর্ড/ওয়েবসাইট, মেহেরপুর পবিস।
- ১০। অফিস কপি/মাষ্টার কপি।

  
 (স্বদেশ কুমার ঘোষ)  
 জেনারেল ম্যানেজার

